বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, প্রশাসন বিভাগ
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

Mujib's Bangladesh

DD (ATM)

Director (CNS)
CAAB HQ. Dhaka.

বিষয়: "হজ টাস্কফোর্স-২০২৩" এর ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মাহবুব আলম তালুকদার, সদস্য (প্রশাসন) ও আহবায়ক, "হজ টাস্কফোর্স-২০২৩"।
তারিখ : ১১-০৫-২০২৩ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার, সকাল-১১.০০ ঘটিকা।
স্থান : বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, সম্মেলন কক্ষ (লেভেল-৬)।

AA/RO

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক)-তে সন্নিবেশিত।

সভাপতি অদ্যকার সভায় "হজ টাস্কফোর্স-২০২৩" এর উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আগামী ১৯ মে ২০২৩ তারিখ বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সুবিধাজনক তারিখ ও সময়ে হিজরি ১৪৪৪/২০২৩ সনের হজযাত্রীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও হজ কার্যক্রম ২০২৩ এর শুভ উদ্বোধন করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন এবং ২০ মে ২০২৩ তারিখ দিবাগত মধ্যেরাত (২১ মে ২০২৩ খ্রিঃ) থেকে যথাসময়ে হজ ফ্লাইট শুরু হবে। সে প্রেক্ষিতে বর্ণিত সময়ের মধ্যে হজ ক্যাম্পের সার্বিক প্রস্তুতি গ্রহণপূর্বক হজ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। ২০২৩ সালের হজে বাংলাদেশ হতে ১,২২,২২১ জন হজযাত্রী পবিত্র হজে গমন করবেন। বাংলাদেশ হতে এত বিপুল সংখ্যক হজযাত্রীর সৌদি আরবে গমন এবং প্রত্যাগমনের জন্য রাজকীয় সৌদি সরকারের General Authority of Civil Aviation (GACA) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইনাস এয়ারলাইন্স এই তিনটি এয়ারলাইন্সকে হজ যাত্রী পরিবহনের অনুমতি প্রদান করেছে। সম্মানিত হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধি সংশ্লিষ্ট কর্মকর্তা এবং এয়ারলাইন্সসমূহের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। বিষয়াদি পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় :

সিদ্ধান্তসমূহ :

১. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা'তে হজ কন্ট্রোল রুম প্রস্তুত ও স্ক্যানিং মেশিন স্থাপনের সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী পরিচালক (হশাআবি)-কে অনুরোধ করা হয়।

২. বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স ও ফ্লাইনাস এয়ারলাইন্স এর ফ্লাইট সিডিউলের ম্যানেজমেন্ট চূড়ান্তকরণ ও সমন্বয়করণের বিষয়ে নির্বাহী পরিচালক (হশাআবি)-কে ব্যবস্থা গ্রহণের অনুরোধ হয়।

৩. হজক্যাম্পে ১০০ টি ট্রলি এবং ৩০০টি চেয়ার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী পরিচালক, হশাআবিকে অনুরোধ করা হয়। ভবিষ্যতে হজযাত্রীদের সুষ্ঠু ব্যবস্থাপনা গ্রহণের লক্ষ্যে হজ অফিস কর্তৃক প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহের ব্যবস্থা করবেন মর্মে অনুরোধ করা হয়।

৪. পবিত্র হজ পালন শেষে সম্মানিত হাজীগণকে জমজমের পানি বন্টনের সুবিধার্থে সংশ্লিষ্ট তিনটি এয়ারলাইন্স তাঁদের নিজ নিজ হাজীদের সৌদি আরব হতে ঢাকায় আগমনের পরপরই ভিন্ন ভিন্ন ৩ টি ইউনিক ট্যাগ/টোকেন সরবরাহ করবেন। সম্মানিত হাজীগণ বোর্ডিং ব্রীজ দিয়ে বেরিয়ে যাবার পথে জমজমের পানি সরবরাহের বিষয়টি সংশ্লিষ্ট এয়ারলাইন্সকে নিশ্চিত করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৫. হজ পোর্টালে তথ্যাদি হালনাগাদ করার লক্ষ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স এবং ফ্লাইনাস এয়ারলাইন্সকে ফ্লাইট ও হজযাত্রী সংক্রান্ত যাবতীয় তথ্যাদি ফ্লাইট ছাড়ার সঙ্গে সঙ্গে হজ কন্ট্রোল রুমে সরবরাহ নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৬. ট্রাফিক নিয়ন্ত্রণের সুবিধার্থে সম্মানিত হজযাত্রীদের বহনকারী যানবাহনসমূহ হজক্যাম্প থেকে হশাআবিতে পৌঁছার ও হশাআবি হতে হজক্যাম্পে প্রত্যাবর্তনের সময় গাড়ীসমূহ (লাগেজ ভ্যানসহ) স্বল্পতম সময়ের মধ্যে গমনাগমনের স্বার্থে যথাযথ ট্রাফিক ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পুলিশ কমিশনার (উত্তর), অতিরিক্ত পুলিশ কমিশনার (উত্তর) ও অফিসার ইনচার্জ বিমানবন্দর থানা কর্তৃক সর্বাত্মক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও, হজযাত্রীদের গমনাগমনের সুবিধার্থে বাংলাদেশ রেলওয়ের সিডিউল মোতাবেক সমন্বয় করে ব্যবস্থা গ্রহণ করার জন্য উপ-পুলিশ কমিশনার (উত্তর)-কে অনুরোধ করা হয়।

৭. বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স ও ফ্লাইনাস এয়ারলাইন্স কর্তৃক টিকেট ইস্যু করার সুবিধার্থে ফ্লাইট সিডিউলসমূহ জরুরী ভিত্তিতে হজ এজেন্সীসমূহকে সরবরাহ করতে হবে। প্রতিটি ফ্লাইটে যাতে হজযাত্রীর সংকট না হয় সে লক্ষ্যে হজ এজেন্সী কর্তৃক টিকেটের বুকিং নিশ্চিত করার জন্য হাবকে অনুরোধ করা হয়।

৮. হজযাত্রীদের স্বাস্থ্য সম্মত খাবার ও বিশুদ্ধ পানি সরবরাহ এবং পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখার স্বার্থে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন এলাকা ও হজক্যাম্পের আশপাশের এলাকায় অবস্থিত হোটেল/রেঁস্তোরাসমূহে মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী পরিচালক (হশাআবি) ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-কে অনুরোধ করা হয়।

চলমান পাতা-০২

